

ময়মনসিংহ বিভাগে জেলা প্রশাসনের মাধ্যমে
২ লক্ষ ৭৭ হাজার কঞ্চল বিতরণ

ময়মনসিংহ, (বৃহস্পতিবার, ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি.);

ঠান্ডা বাতাসের দাপট আর মাঝে মাঝে অসময়ের বৃষ্টি মিলে শীত ঝেঁকে ধরেছে সবাইকে। হিম হিম ঠান্ডা আর কুয়াশায় নাকাল সাধারণ জনজীবন। শীতের এই তীব্রতা বেশি সমস্যা সৃষ্টি করেছে ময়মনসিংহ অঞ্চলের প্রান্তিক পর্যায়ের মানুষের মধ্যে। শীতাত্ত্বিত্ব অসহায় ও দুস্থ মানুষের উষ্ণতা দিতে সরকার ময়মনসিংহ বিভাগের ৪টি জেলা প্রশাসনের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ২ লক্ষ ৭৭ হাজার কঞ্চল বিতরণ করা হয়।

বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) ময়মনসিংহ বিভাগের জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের তথ্য সূত্রে জানা যায়, ময়মনসিংহ বিভাগে জেলা প্রশাসন এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের সহায়তায় শীতাত্ত্বিত্বের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয় প্রায় ২ লক্ষ ৭৬ হাজার ৯৯০টি। এর মধ্যে ময়মনসিংহ জেলায় প্রায় ১ লক্ষ ২৮ হাজার ৮০০টি কঞ্চল বিতরণ করা হয়েছে। বরাদ্দকৃতের মধ্যে আরো ৪ হাজার কঞ্চল অবশিষ্ট রয়েছে যা পরবর্তীতে যাচাই-বাছাই করে বিতরণ করা হবে। নেত্রকোণা জেলায় জেলা প্রশাসনের সহায়তায় প্রায় ৫৫ হাজার ১৫০টি কঞ্চল বিতরণ করা হয়েছে। জামালপুর জেলায় ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার তথ্যমতে, ৫২ হাজার ৪০০টি কঞ্চল বিতরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে শেরপুরে জেলা প্রশাসন প্রায় ৩৬ হাজার ৬৪০টি কঞ্চল বিতরণ চলমান।

ময়মনসিংহ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মুহাম্মদ ছানোয়ার হোসেন বলেন, অত্যন্ত যাচাই-বাছাই করে সরকারি কঞ্চল বিতরণ করা হচ্ছে। গরিব অসহায় ও ছিন্নমূল মানুষের মধ্যে সরকারিভাবে কঞ্চলগুলো বিতরণ করা হচ্ছে। তারা যেন শীত থেকে পরিত্রাণ পেতে পারেন। জেলা প্রশাসন থেকেও শারীরিক প্রতিবন্ধী, অন্ধ, বধির ও নিম্নআয়ের মানুষের মধ্যে কঞ্চল বিতরণ করা হয়।

এদিকে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে বুধবার (২৪ জানুয়ারি) নগরীর পালপাড়া, নিউ টাউন ও বিহারি ক্যাম্পে প্রায় ৪ হাজার অসহায় মানুষের মাঝে কঞ্চল বিতরণ করেছেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এর আগে গত শনিবার (২০ জানুয়ারি) প্রায় সাড়ে ৩ হাজার শীতাত্ত্বিত্বের মাঝে কঞ্চল বিতরণ করেন তিনি। কঞ্চল বিতরণকালে উপস্থিত ছিলেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী।

প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক মেয়র মোঃ ইকরামুল হক টিটু অসহায় মানুষদের মাঝে কঞ্চল বিতরণের নির্দেশনা দিয়েছেন।

শীতাত্ত অসহায় মানুষের জন্য ময়মনসিংহ সিটি কর্পোরেশনের শীতবস্ত্র বিতরণ কার্যক্রম অব্যাহত থাকবে। বিভাগের সংসদ সদস্য ও ধনী ব্যক্তিরাত্ত ব্যক্তিগত উদ্যোগে কম্বল বিতরণ করেন।

#

হুদাত্ত/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজতী/২০২৪/২০:৩০ঘন্টা